

প্রে রতগণ

◆ **রি** - তাঁকে শিমোন বলেও জানা যেত। তাঁর নাম পরিবর্তন করে কৈফা অর্থাৎ “পাথর” রাখা হয়েছিল। তিনি শিহুদীদের মধ্যে প্রচার করেছিলেন এবং ১ম ও ২য় পিতর পুস্তকগুলি লিখেছিলেন। হযত নি মার্ক লিখিত সু সমাচার লিখতেও সাহায্য করেছিলেন।

◆ **আন্দ্রিয়** - তিনি পিতরের ভাই ছিলেন এবং পিতরকে যীশুর সঙ্গে পরিচয় করে দিয়েছিলেন (যোহ ১ ৪০-৪২)। এই ভাইয়েরা বৈৎসৈদায় মৎস্যধারী ছিলেন।

◆ **যাকোব** - তিনি ছিলেন যোহনের ভাই। উভয়ই ছিলেন সিবিদিয়ের এবং সলোমির পুত্র, এবং তাঁরা তাদের পিতার সঙ্গে বৈৎসৈদায় কাজ করতেন। কখনও কখনও বলা হত “মহান যাকোব” যিরুশালেম এবং যুদেয়াতে প্রচার করেছিলেন। তিনি ছিলেন প্রথম প্রেরিত যিনি শহিদ হয়েছিলেন যখন ৪৪ খ্রীষ্টাব্দে রাজা হেরোদ তাঁর শিরচ্ছেদ করেছিলেন।

◆ **যোহন** - তিনি ছিলেন যাকোবের ভাই। উভয়ই তাদের পিতার সঙ্গে ছিলেন মৎস্যধারী (মার্ক ১ ১৯-২০)। যীশু এই ভাইদের বলতেন “মেঘধ্বনির পুত্র” (মার্ক ৩:১৭)। যোহন এশিয়া, বিশেষত ইফিসীয় মণ্ডলীর জন্য কাজ করতেন। পাটম নামক স্থানে ৯৫ খ্রীষ্টাব্দে তাঁকে বনবাসে পাঠান হয় যেখানে তিনি প্রকাশিত বাক্য লিখেছিলেন। তাঁর লেখার মধ্যে আছে যোহন লিখিত সুসমাচার এবং ১ম, ২য় ও ৩য় যোহন।

◆ **ফিলিপ** - তিনি বৈৎসৈদা নিবাসী ছিলেন। তিনি নথ নেল কে যীশুর কথা বলেছিলেন (যোহন ১:৪৪-৪৬)।

◆ **বর্থলময়** - সম্ভবত তিনি ছিলেন যোহন লিখিত সু সমাচারের নথনেল (যোহন ১:৪৪-৪৬) তিনি গালীলের কান্না নগর নিবাসী ছিলেন।

প্রে রতগণ ছিলেন প্রভুর দ্বারা নিযুক্ত, তাঁর বিশেষ সংবাদ বাহক, যারা তাদের ব্যক্তিগত সাক্ষ্য বহন করবেন। তাঁর জীবন এবং পুনরুত্থান সম্পর্কে। যখন ইফ্রিয়োটীয় শিহুদার স্থানে আর এক জনকে নেওয়া হল, তখন সেই নতুন প্রেরিত এমন এক জন হওয়া প্রয়োজন ছিল, যিনি যীশুর এবং তাঁর অনুগামীদের সঙ্গে পৃথিবীতে তাঁদের পরিচর্যার সময়ে সর্বদা ছিলেন (প্রেরিত ১:২১)। পরবর্তী সময়ে খ্রীষ্ট পৌলকে দর্শন দিয়েছিলেন, তাঁকে নিয়োগ করার জন্য যেন তিনি পরজাতীগণের কাছে প্রেরিত হন (দেখুন ১ করিন্থীয় ১৫:৮)। এখানকার কিছু কিছু তথ্য নেওয়া হয়েছে Frank L. Cox, “The Glorious Company of the Apostles,” *The Minister's Monthly* (February 1960): 254. থেকে।

প্রেরিতগণ

- ◆ **থমা** – তাঁকে দিদুমঃ (যমজ) বলা হত (যোহন ১১:১৬, ২০:২৪; ২১:২)। গালীলে তাঁর বাসস্থান ছিল। সিরিয়ার নিবাসীগণ দাবী করেন যে তিনিই সেখানে মণ্ডলী স্থাপন করেছিলেন; হয়ত তিনিই পারস্যে এবং ভারে মণ্ডলী স্থাপন করেছিলেন।
- ◆ **মথি** – তিনি আল্ফেয়ের পুত্র ছিলেন এবং লেবি নামেও পরিচিত ছিলেন (মথি ৯:৯; মার্ক ২:১৪)। তিনি কফরনাহুম নিবাসী ছিলেন এবং রোম রাজত্বের করগ্রাহী রূপে কাজ করতেন।
- ◆ **যাকোব** – তাঁকে কখনও “ন্যুন” বলা হত। তিনি ছিলেন আল্ফেয়ের এবং মরিয়মের পুত্র (মথি ১০:৩; ২৭:৫৬)। (মথি এবং যাকোব কি ভাই ছিলেন? আমরা জানি না)। তিনি গালীল নিবাসী ছিলেন এবং যাকোবের পুস্তকখানি লিখেছিলেন।
- ◆ **থন্ডেম** – তিনি ছিলেন যাকোবের পুত্র এবং তাঁকে যিহূদা বলে জানা যেত (মথি ১০:৩; লুক ৬:১৬)। তিনি গালীল নিবাসী ছিলেন।
- ◆ **উদ্যোগী শিমন** – তাঁকেও উদ্যোগীর অপর অরামিয় শব্দ কনানীয় বলে জানা যেত। এই শিমোন ছিলেন গালীল নিবাসী।
- ◆ **ইষ্করিয়োতীয় যিহূদা** – “ইষ্করিয়োত” শব্দটি নির্দেশ করে য তিনি যুদেয়ার কিরিয়োথ অঞ্চল থেকে ছিলেন। তিনি যীশুকে সমর্পণ করেছিলেন এবং পরে আত্মহত্যা করেছিলেন।
- ◆ **মতথিয়** – ইষ্করিয়োতীয় যিহূদার মৃত্যুর পর, তার যায়গায়, গুলিবাট দ্বারা মতথিয়কে নওয়া হয়েছিল (প্রেরিত ১:২৬)। প্রেরিত ১:২২ পদ থেকে আমরা জানি যে, মতথিয় ছিলেন যীশু এবং তাঁর শিষ্যদের সঙ্গে “যোহনের বাপ্তিস্ম অবধি আরম্ভ করিয়া যে দিন প্রভু যীশু উর্ধ্বে গী হন, সর্বদা সহচর ছিলেন”।
- ◆ **পোল** – শৌল, পরবর্তী সময়ে পোল, ছিলেন মণ্ডলীর এক তাড়নাকারি, তাঁকে পরজাতীগণের প্রতি বিশেষ প্রেরিত রূপে নিযুক্ত করা হয়েছিল (রোমীয় ১১:১৩; ১ করিন্থীয় ১:১; ৯:১; ১৫:৯; ২ করিন্থীয় ১২:১২; গালাতীয় ১:১; ১ তিমথীয় ২:৭)। দম্বেশকের পথে যীশু তাঁকে দেখা দিয়েছিলেন। নূতন নিয়মের বহু অংশ তিনি লিখেছেন।